



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় ক্রীড়া পরিষদ  
সাধারণ শাখা  
www.nsc.gov.bd



স্মারক নম্বর: ৩৪.০৩.০০০০.০০০.০০৩.১১.০২৬২.২১.২

তারিখ: ৪ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ  
১৮ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

### বিষয়: জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ২০১৮ এর সংশোধন

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ২০১৮ (২০১৮ সনের ৪৯ নং আইন) এর নিম্নবর্ণিত দুইটি ধারা ও তফসিলের সংশোধনের প্রস্তাব বিবেচনায় নেওয়া যেতে পারে:

১। ধারা ২ এর— দফা (১৫) এ উল্লিখিত “বিভাগীয়,” শব্দ ও কমার পর “জেলা ও উপজেলা” শব্দগুলির পূর্বে “মহানগর,” শব্দ ও কমা সংযোজিত হইবে।

২। ধারা ৭ এর— দফা (১) এ উল্লিখিত (গ) এর পর নিম্নরূপ নূতন দফা (গগ) সন্নিবেশিত হইবে, যথাঃ—“(গগ) সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

৩। তফসিলের সংশোধন:

(ক) তফসিলের ৩৭ নং ক্রমিকের “অ্যাসোসিয়েশন ইউনিয়ন” শব্দ দুইটি “অ্যাসোসিয়েশন” শব্দ দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(খ) তফসিলের ৪০ নং ক্রমিক বিলুপ্ত হইবে।

(গ) তফসিলের ৪১ নং ক্রমিকে “ইউনিয়ন” শব্দটি “ফেডারেশন” শব্দ দ্বারা প্রতিস্থাপিত হবে।

(ঘ) তফসিলে বিদ্যমান ক্রমিক নং ৪১, ৪২, ৪৩ যথাক্রমে ক্রমিক নং ৪০, ৪১ ও ৪২ নং ক্রমিক হিসেবে প্রতিস্থাপিত হইবে।

(ঙ) তফসিলের ৪৪ নং ক্রমিক বিলুপ্ত হইবে।

(চ) তফসিলে বিদ্যমান ক্রমিক নং ৪৫, ৪৬, ৪৭, ৪৮ যথাক্রমে ক্রমিক নং ৪৩, ৪৪, ৪৫ ও ৪৬ নং ক্রমিক হিসেবে প্রতিস্থাপিত হইবে।

(ছ) তফসিলে নূতন ক্রমিক নং ৪৭, ৪৮, ৪৯ হিসেবে যথাক্রমে “বাংলাদেশ কান্ট্রি গেমস অ্যাসোসিয়েশন”, “বাংলাদেশ সেপাক টাকরো অ্যাসোসিয়েশন” এবং “বাংলাদেশ ই-স্পোর্টস অ্যাসোসিয়েশন” সন্নিবেশিত হইবে।

২। এমতাবস্থায়, জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ২০১৮ এর বর্ণিত সংশোধনের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি:

১। জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ২০১৮

২। জাতীয় ক্রীড়া পরিষদ আইন ২০১৮ (সংশোধন) অধ্যাদেশ ২০২৫

৩। ফেপিং ফেডারেশনের নাম সংশোধনের প্রজ্ঞাপন

৪। জাতীয় ক্রীড়া পরিষদ আইন ২০১৮(সংশোধন) অধ্যাদেশ ২০২৬ এর খসড়া


### সকল সংযুক্তিসমূহ:

(১) ফেপিং ফেডারেশনের নাম সংশোধনের প্রজ্ঞাপন

(২) জাতীয় ক্রীড়া পরিষদ আইন ২০১৮ সংশোধন অধ্যাদেশ ২০২৬ এর খসড়া

(৩) জাতীয় ক্রীড়া পরিষদ আইন ২০১৮

(৪) জাতীয় ক্রীড়া পরিষদ আইন ২০১৮ (সংশোধন) অধ্যাদেশ ২০২৫



১৮-০১-২০২৬

মোঃ দৌলতুজ্জামান খাঁন

নির্বাহী পরিচালক (যুগ্মসচিব)

০২৪১০৫০৫৫২

executive.director@nsc.gov.bd

সচিব

সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৩৪.০৩.০০০০.০০০.০০৩.১১.০২৬২.২১.২/১ (৪)

তারিখ: ৪ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ  
১৮ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব, ক্রীড়া-১ অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- ২। পরিচালক (প্রশাসন) / প্রকল্প পরিচালক, প্রশাসন অনুবিভাগ, জাতীয় ক্রীড়া পরিষদ।
- ৩। ডকুমেন্টেশন কাম লিয়াজেঁ অফিসার, সাধারণ শাখা, জাতীয় ক্রীড়া পরিষদ।
- ৪। মাস্টার ফাইল কপি, জাতীয় ক্রীড়া পরিষদ।



১৮-০১-২০২৬

মোঃ দৌলতুজ্জামান খাঁন

নির্বাহী পরিচালক (যুগ্মসচিব)